

## **া** সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৪১

১১/ বিবাহ (اکتاب النکاح عن رسول الله کتاب النکاح عن رسول الله পরিচ্ছেদঃ সতীনদের মাঝে সম আচরণ করা।

# باب مَا جَاءَ فِي التَّسْوِيَةِ بَيْنَ الضَّرَائِرِ

#### আরবী

حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّتَنَا بِشِرُ بْنُ السَّرِيِّ، حَدَّتَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَقْسِمُ بَيْنَ نِسَائِهِ فَيَعْدِلُ وَيَقُولُ " اللَّهُمَّ هَذِهِ قِسْمَتِي فِيمَا أَمْلِكُ فَلاَ تَلُمْنِي فِيمَا تَمْلِكُ وَلاَ أَمْلِكُ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ هَكَذَا رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَقْسِمُ . وَرَوَاهُ حَمَّادُ بْنُ زَيْدٍ وَغَيْرُ وَاحِدٍ عَنْ أَبِي قِلاَبَةَ مُرْسَلاً أَنَّ النَّبِيَّ صلى الله وسلم كَانَ يَقْسِمُ . وَهَذَا أَصَحَ مُنْ عَنْ أَبِي قِلاَبَةَ مُرْسَلاً أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَقْسِمُ . وَهَذَا أَصَحَ مُنْ حَدِيثِ حَمَّادِ بْنِ سَلَمَةَ . وَمَعْنَى قَوْلِهِ " لاَ تَلُمْنِي عليه وسلم كَانَ يَقْسِمُ . وَهَذَا أَصَحَ مُن حَدِيثِ حَمَّادِ بْنِ سَلَمَةَ . وَمَعْنَى قَوْلِهِ " لاَ تَلُمْنِي فِيمَا تَمْلِكُ وَلاَ أَمْلِكُ " . إِنَّمَا يَعْنِي بِهِ الْحُبَّ وَالْمَوَدَّةَ كَذَا فَسَّرَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ .

#### বাংলা

১১৪১. ইবনু আবূ উমার (রহঃ) .... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীগণের মধ্যে রাত্রি বন্টন করে নিয়েছিলেন এবং এ বিষয়ে তিনি কঠোরভাবে ইনসাফ ও সমতার বিধান অনুসরণ করতেন। এরপরও বলতেনঃ হে আল্লাহ্, এ তো বন্টন হলো এমন বিষয়ে যাতে আমি ক্ষমতা রাখি, আর যে বিষয়ে আমার ক্ষমতা নাই, তুমিই তার মালিক সে বিষয়ে আমাকে তিরষ্কার করো না। - ইবনু মাজাহ ১৯৭১, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৪০ [আল মাদানী প্রকাশনী]

আরিশা রাদিয়াল্লাহু আনহা এর হাদীসটি অনুরূপভাবে একাধিক রাবী হাম্মাদ ইবনু সালামা-আয়ূব- আবৃ কিলাবাআবদুল্লাহ ইবনু ইয়াযিদ- আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
রাত্রি বন্টন করে নিয়েছিলেন। মুহাম্মাদ ইবনু যায়দ প্রমুখ আয়ূব- আবৃ কিলাবা (রহঃ) সূত্রে মুরসালরূপে বর্ণনা
করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রি বন্টন করে নিয়েছেন এই রিওয়ায়াতটি হাম্মাদ ইবনু
সালামা (রহঃ) এর রিওয়ায়াত থেকে অধিকাতর সাহীহ।



### **English**

#### Aishah narrated that:

The Prophet would divide (his time) equally between his wives and said: "O Allah! This is my division in what I have control over, so do not punish me for what You have control over which I do not have control over."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন